

তারিখ: ২২ জানুয়ারি, ২০২৫ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ২২-০১-২০২৫ তারিখ জনাব অতনু বড়ুয়া, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এর নেতৃত্বে 'মেসার্স হাইওয়ে সুইটস, এবং 'ওয়েল ফুড' বিসিক শি/এ, চাদগাও, চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকায় মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

মেসার্স হাইওয়ে সুইটস-এ মোবাইল কোর্ট পরিচালনাকালে -

১. কারখানাটি অত্যন্ত নোংরা ও অপরিষ্কার অবস্থায় পরিচালনা করতে দেখা যায়।
২. খাদ্য উৎপাদনস্থলে ৩টি সেপটিক ট্যাংক পরিলক্ষিত হয় যেগুলো থেকে অনেক দুর্গন্ধ ছড়াচ্ছিলো এবং ব্যবস্থাপকের বক্তব্যমতে এটি মানব স্বাস্থ্যের জন্য অনেক ক্ষতিকর।
৩. এছাড়াও খাদ্য কর্মীদের স্বাস্থ্য সনদ, পানি পরীক্ষার সনদ এবং পেস্ট কন্ট্রোলার কোন প্রমাণক প্রদর্শনে ব্যর্থ হওয়ার অপরাধে দোষ স্বীকারোক্তির ভিত্তিতে নিরাপদ খাদ্য আইন, ২০১৩ ধারা মোতাবেক ৩,০০,০০০/- অর্থদন্ড প্রদান করা হয় এবং তাৎক্ষণিকভাবে আদায় করা হয়।

ওয়েল ফুড-এ মোবাইল কোর্ট পরিচালনাকালে -

১. কারখানায় সামান্য কিছু পরিষ্কার-পরিচ্ছন্নতার ত্রুটি দেখা যায়।
২. খাদ্য কর্মীদের তুলনামূলকভাবে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে কাজ করতে দেখা যায়।
৩. এছাড়াও শুধুমাত্র সকল খাদ্য কর্মীদের স্বাস্থ্য সনদ বাদে সকল নিবন্ধনের হালনাগাদ কপি দেখাতে সক্ষম হয়।

সংশোধনের শর্তে আনীত অভিযোগের বিষয়ে তার বক্তব্য সন্তোষজনক হওয়ায় তাকে অব্যাহতি প্রদান করা হয়। সংগীয় নিরাপদ খাদ্য অফিসারকে মাইনর ব্যত্যয়সমূহ সংশোধন বিষয়ে একটি কম্প্লায়েন্স প্রতিবেদন কোর্টকে দেয়ার জন্য আদেশ করা হয়।

মোবাইল কোর্ট পরিচালনাকালে জনাব মুহাম্মদ মুনতাসির মাহমুদ, নিরাপদ খাদ্য অফিসার, চট্টগ্রাম মেট্রোপলিটন; জনাব মো: ইয়াসিনুল হক চৌধুরী, নিরাপদ খাদ্য পরিদর্শক ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ সদস্যবৃন্দের একটি টোকস টিম উপস্থিত ছিলেন।


২২.০১.২০২৫

বি. এম. রুহুল আমিন রিমন

উপপরিচালক (মাঠ কার্যক্রম অধিশাখা)

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

ই-মেইল: dd.enforcement@bfsa.gov.bd

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৭। অফিস কপি।